

প্রেস রিলিজ

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (নওপাজেকো) এবং চায়না ন্যাশনাল মেশিনারি ইম্পোর্ট এন্ড এক্সপোর্ট করপোরেশন (সিএমসি, চায়না) এর যৌথ মালিকানাধীন বাংলাদেশ-চায়না রিনিউয়েবল এনার্জি কোম্পানি (প্রাঃ) লিমিটেড (বিসিআরইসিএল) - এর আওতায় বাস্তবায়নধীন সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্পের পাওয়ার পারচেজ এগ্রিমেন্ট (পিপিএ) এবং ইমপ্লিমেন্টেশন এগ্রিমেন্ট (আইএ) স্বাক্ষর অনুষ্ঠান আগামী ০৯ জানুয়ারি ২০২৩ তারিখ দুপুর ১২ টায় মুক্তি হল, লেভেল-১৪, বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকায় অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন জনাব মোঃ হাবিবুর রহমান, মাননীয় সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এম,পি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত থাকবেন জনাব মুনীরা সুলতানা, এনডিসি, চেয়ারম্যান (গ্রেড-১), টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা), জনাব মোঃ মাহবুবুর রহমান, চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং জনাব গোলাম কিবরিয়া, ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি। জনাব এ. এম. খোরশেদুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, নওপাজেকো এবং ব্যবস্থাপনা পরিচালক, বিসিআরইসিএল অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখবেন।

জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরতা কমিয়ে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের পথে গর্বিত অংশীদার হিসেবে মোট ৫০০ মেঃওঃ নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যমাত্রা নিয়ে গত ০১ সেপ্টেম্বর ২০২০ তারিখ থেকে বিসিআরইসিএল যাত্রা শুরু করে। সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্পটি বিসিআরইসিএল - এর আওতাধীন প্রথম বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প। গত ২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বিসিআরইসিএল এবং কনসোর্টিয়াম অব প্যারিওশেন-ফেডি-সিনোহাইড্রো, চায়না'র মধ্যে এই প্রকল্পের ইপিএ চুক্তি স্বাক্ষরিত হয়। ইতোমধ্যে প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু হয়েছে। বিসিআরইসিএল - এর আওতায় পাবনা ৬৪ মেঃওঃ সোলার পার্ক প্রকল্পের পিপিএ ও আইএ শীঘ্রই স্বাক্ষরিত হবে। এছাড়াও, বিসিআরইসিএল - এর আওতায় পায়রা ৫০ মেঃওঃ বায়ু বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পসহ আরও বেশ কয়েকটি নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প বাস্তবায়নধীন ও পরিকল্পনাধীন রয়েছে।

এক নজরে সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প

বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের নাম	:	সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প
প্রকল্পের অবস্থান	:	সয়দাবাদ, সিরাজগঞ্জ
বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ-চায়না রিনিউয়েবল এনার্জি কোম্পানি (প্রাঃ) লিমিটেড [নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এবং সিএমসি, চায়না'র যৌথ মালিকানাধীন (৫০:৫০) কোম্পানি]
প্ল্যান্ট ক্যাপাসিটি	:	৬৮ মেঃওঃ
প্রকল্প ব্যয়	:	৮৭.৭১ মিলিয়ন মার্কিন ডলার
অর্থায়নের উৎস	:	নিজস্ব
২০ বছরের লেভেলাইজড ট্যারিফ	:	১০.২০ ইউএস সেন্ট / কিলোওয়াট-আওয়ার
কারিগিরি পরামর্শক	:	ZTENCO Limited, Bangladesh
ইপিএ ঠিকাদার	:	কনসোর্টিয়াম অব প্যারিওশেন-ফেডি-সিনোহাইড্রো, চায়না
ইপিএ চুক্তি স্বাক্ষর	:	২৪ ফেব্রুয়ারি ২০২২
সম্ভাব্য বাণিজ্যিক উৎপাদন	:	ডিসেম্বর ২০২৩